

প্রজাপতি ও ফড়িং বিষয়ক

আমাদের জীবনগুলো সাদা আর
 স্বপ্নগুলো নীল) এভাবেই সাজানো হয়েছে
 আমাদের প্রচ্ছদলিপি।
 একদিন আমাদের পকেট ভর্তি ছিল
 সবুজ ফড়িং ও হলদে প্রজাপতি।
 ছিল মার্বেল ও রয়েল গুলি।
 এখন সেই পুরোনো জামা আর নেই।
 পরে আছি পকেট হীন আধুনিক ব্যাগি।
 আমাদের অবয়ব থেকে আমাদের ছায়াকে
 পৃথক করতে নিজেকে করে তুলেছি
 নিপুণ শল্যবিদ।
 শিখেছি ছুরি ও কাঁচিহীন
 সফল অস্ত্রোপচার।
 ইরেস) মাইক্রোসার্জারি, লিথোট্রিপসি।
 ফড়িং ও প্রজাপতি বিষয়ক শোক সভায়
 আমরা সার বেঁধে দাঁড়িয়েছি ঝুঁকে।
 আর কিছু বৈষয়িক মানুষ ঘড়ি দেখছেন
 এক ...দুই ... তিন মিনিট কখন শেষ হবে।
 হেসে উঠবে দমফাটা অউহাসি।

অশোক রায় চৈধুরী

